গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
www.nilphamarisadar.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৫.০২০.২৫. ৬৮২

তারিখঃ ২০ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

## গণবিজ্ঞপ্তি

বিষয় : জ্বালানি তেলের যথাযথভাবে সরবরাহ ও বিতরণ নিশ্চিতকল্পে ফুয়েল কার্ড এর গণবিজ্ঞপ্তি।

নীলফামারী সদর উপজেলার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি তেলের যথাযথভাবে সরবরাহ ও বিতরণ নিশ্চিতকল্পে মোটরযান (মোটরসাইকেল/প্রাইভেট কার/ মাইক্রো) মালিকগণ কর্তৃক ফিলিং স্টেশন হতে জ্বালানি (পেট্রোল ও অকটেন) সংগ্রহের উদ্দেশ্যে গত ১৫/০৪/২০২৬ তারিখে হতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নীলফামারী সদরে ফুয়েল কার্ডের জন্য আবেদনপত্র গ্রহণ ও ফুয়েল কার্ড বিতরণ কার্যক্রম চলমান ছিল। জনদুর্ভোগ বিবেচনায় ডাউনলোডকৃত ফুয়েল কার্ডের ফরম যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আগামী ০৪/০৫/২০২৬ তারিখ হতে (সরকারি ছুটির দিন ব্যতীত) নিম্নবর্ণিত স্থানে আবেদনপত্র দাখিল ও ফুয়েল কার্ড উত্তোলন করতে হবে। আবেদন যাচাইঅন্তে কাগজাদি সঠিক পাওয়া গেলে ফুয়েল কার্ড ইস্যু করা হবে। উল্লেখ্য যে, ফুয়েল কার্ডের আবেদন ফরম সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ফেসবুক পেইজ হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

| ক্রম | বিবরণ | আবেদনপত্র জমা ও কার্ড উত্তোলনের স্থান |
|---|---|---|
| ০১ | পৌর এলাকার বাসিন্দা | উপজেলা ভূমি অফিস, নীলফামারী সদর |
| ০২ | ইউনিয়নের বাসিন্দাগণ | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর |
| ০৩ | কৃষি কাজের সাথে জড়িত যন্ত্রপাতি ব্যবহারকারীগণ | উপজেলা কৃষি অফিস, নীলফামারী সদর |

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

০১. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
০২. মোটরযানের (মোটরসাইকেল/প্রাইভেট কার/মাইক্রো) রেজিস্ট্রেশন/ক্রয়ের রশিদের ফটোকপি
০৩. ড্রাইভিং লার্নার লাইসেন্সের ফটোকপি
০৪. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি- ০২ কপি
০৫. অন্য উপজেলার জাতীয় পরিচয়পত্রধারীগণ এই জেলায় অবস্থানপূর্বক কর্মরত হলে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র
০৬. কৃষি কাজের সাথে জড়িত যন্ত্রপাতি (ভুট্টা মাড়াই যন্ত্র, ডিজেল পাম্প, পেট্রোল পাম্প, পাওয়ার টিলার/স্প্রেয়ার) ব্যবহারকারীগণ সংশ্লিষ্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ণপত্র/সুপারিশসহ আবেদন জমা দিবেন।

০৩.০৫.২০২৬

মুবাশ্বিরা আমাতুল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর- ০২৫৮৭৭৪২২০১
e-mail: unonilphamari@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৫.০২০.২৫. ৬৮২

তারিখঃ ২০ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, নীলফামারী
০২। সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর।
০৩। উপজেলা কৃষি অফিসার, নীলফামারী সদর।
০৪। চেয়ারম্যান (সকল), ............................... ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর।
০৫। প্রশাসনিক কর্মকর্তা (সকল), .............................. ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর।
০৬। নোটিশ বোর্ড।
০৭। অফিস কপি।

০৩.০৫.২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner